

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯০

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ ইখলাস ও গোপন আমল

بَابُ الْإِخْلَاصِ وَأَعْمَالِ السِّرِّ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ الْأَنْصَارِيِّ عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ عَلْقَمَةَ بْنِ وَقَّاصٍ اللَّيْثِيِّ عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الْأَعْمَالُ بِالنِّيَّةِ وَلِكُلِّ أَمْرٍ مَا نَوَى فَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ فَهِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ وَمَنْ كَانَتْ هِجْرَتُهُ لِدُنْيَا يُصِيبُهَا أَوْ امْرَأَةٍ يَتَزَوَّجُهَا فَهِجْرَتُهُ إِلَى مَا هَاجَرَ إِلَيْهِ).

الراوي : عُمَرُ بْنُ الْخَطَّابِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 390 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৯০. উমার বিন খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “সমস্ত আমল নিয়তের উপর নির্ভরশীল। প্রত্যেক মানুষ তাই পাবে, যা সে নিয়ত করে। কাজেই যার হিজরত হবে আল্লাহ ও তাঁর রাসূলের জন্য, তার হিজরত আল্লাহ ও তাঁর রাসূলের জন্যই গণ্য হবে। আর যার হিজরত দুনিয়া লাভ বা কোন নারীকে বিবাহ করার জন্য হবে, তার হিজরত সেজন্যই পরিগণিত হবে, যে জন্য সে হিজরত করেছে।”[1]

ফুটনোট

[1] তারীখে বাগদাদ: ৯/৩৪৬; মুয়াত্তা ইমাম মালিক: ৯৮৩; সহীহ আল বুখারী: ৫৪; সহীহ মুসলিম: ১৯০৭; নাসাঈ: ১/৫৮; সুনানু বাইহাকী: ৪/২৩৫; বাগাবী, শারহু সুনাহ: ১; হুমাইদী: ২৮; মুসনাদ আহমাদ: ১/২৫; আবু দাউদ: ২৩০১; ইবনু মাজাহ: ৪২২৭; দারাকুতনী: ১/৫০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৯১১।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88689>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন